

বাংলাদেশ হাই কমিশন  
কলম্বো, শ্রীলঙ্কা

প্রেস বিজ্ঞপ্তি

কলম্বোস্থ বাংলাদেশ হাই কমিশনে জাতির জনকের জন্ম বার্ষিকী ও জাতীয় শিশু দিবস পালন

কলম্বো, বৃহস্পতিবার, ১৭ মার্চ ২০১৬

যথাযোগ্য মর্যাদা এবং উৎসাহ-উদ্দীপনার মধ্য দিয়ে বৃহস্পতিবার, ১৭ মার্চ ২০১৬ কলম্বোস্থ বাংলাদেশ হাই কমিশনে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৯৬তম জন্ম বার্ষিকী ও জাতীয় শিশু দিবস উদযাপন করা হয়। দিবসটি পালন উপলক্ষ্যে দূতাবাস প্রাঙ্গণে একটি বর্ণাঢ্য অনুষ্ঠানের আয়োজন করা হয়। এতে শ্রীলঙ্কায় বসবাসকারী প্রবাসী বাংলাদেশীগণসহ মিশনের কর্মকর্তা-কর্মচারীগণ সপরিবারে অংশগ্রহণ করেন।

হাই কমিশনার তারিক আহসান কর্তৃক বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে সন্ধ্যায় অনুষ্ঠানের সূচনা হয়। এরপর শিশুদেরসহ হাই কমিশনার বঙ্গবন্ধুর জন্মদিনের কেক কাটেন। দিবসটি উপলক্ষ্যে প্রেরিত রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী এবং পররাষ্ট্রমন্ত্রীর বাণীসমূহ হাই কমিশনের কর্মকর্তাগণ পাঠ করেন। প্রবাসী বাংলাদেশীগণ ও মিশনের কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে এক আলোচনাসভায় বক্তারা বঙ্গবন্ধুর জীবনালেখ্য তুলে ধরেন। শিশুদের জন্য আয়োজিত বঙ্গবন্ধুর জীবনের ওপর বয়স-ভিত্তিক দু'টি রচনা প্রতিযোগিতার বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করা হয় এবং অনুষ্ঠানে আগত সকল শিশুর মাঝে উপহার বিতরণ করা হয়। বঙ্গবন্ধুর জীবনের অপর নির্মিত প্রামাণ্যচিত্র 'বঙ্গবন্ধু: আমাদের মহান নেতা' প্রদর্শিত হয়।

হাই কমিশনার তারিক আহসান, তাঁর সমাপনী মন্তব্যে, বাংলাদেশের স্বাধীনতা অর্জনে এবং ব্যক্তি-উৎকর্ষ ও সমাজ-প্রগতির সহায়ক একটি শোষণ, বৈষম্য ও সাম্প্রদায়িকতামুক্ত সমাজ-ব্যবস্থার ওপর বাংলাদেশকে প্রতিষ্ঠিত করায় বঙ্গবন্ধুর অবদানের ওপর আলোকপাত করেন। তিনি অভিমত ব্যক্ত করেন যে, বঙ্গবন্ধুর আদর্শ বর্তমান কালেও সমান ভাবে প্রাসঙ্গিক। তিনি উল্লেখ করেন যে, রূপকল্প-২০৪১-এর অধীনে বাংলাদেশ ২০৪১ সনের মধ্যে একটি উন্নত দেশে রূপান্তরিত হবার যে স্বপ্ন দেখছে তা বাস্তবায়নে বঙ্গবন্ধুর আদর্শকে অনুসরণের মাধ্যমে আজকের শিশুদেরকে-ই প্রধান ভূমিকা পালন করতে হবে।

নৈশভোজ পরিবেশনের মাধ্যমে আয়োজিত অনুষ্ঠানমালার পরিসমাপ্তি লাভ করে।

প্রায় সত্তর জন অতিথী এ অনুষ্ঠানে অংশ গ্রহণ করেন। প্রবাসী বাংলাদেশীগণ ও মিশনের কর্মকর্তা-কর্মচারীগণের সন্তানদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ অনুষ্ঠানকে প্রাণবন্ত ক'রে তোলে।

\*\*\*\*\*